



13729 - গোটো শাবান মাস রোযা রাখা ক'মুস্তাহাব

প্রশ্ন

আমার জন্যে গোটো শাবান মাস রোযা রাখা ক'সুন্নত?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

শাবান মাসে বেশি বেশি রোযা রাখা মুস্তাহাব।

হাদসিএ এসছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোটো শাবান মাস রোযা রাখতেন।

উম্মে সালামা (রাঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি বলেন: “আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে টানা দুইমাস রোযা রাখতে দেখিনি। তবে তিনি রমযানের সাথে শাবান মাসও লাগাতারভাবে রোযা রাখতেন।” [মুসনাদে আহমাদ (২৬০২২), সুনানে আবু দাউদ (২৩৩৬), সুনানে নাসাঈ (২১৭৫), সুনানে ইবনে মাজহ (১৬৪৮)]

হাদসিটি সুনানে আবু দাউদ এর ভাষ্যে এসছে যে, “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বছররে কোন মাসরে গোটো অংশ রোযা রাখতেন না; শুধু শাবান মাস ছাড়া। তিনি শাবান মাস ও রমযান মাস লাগাতারভাবে রোযা রাখতেন।” [আলবানী সহিহু আবি দাউদ গ্রন্থে (২০৪৮) হাদসিটিকে সহিহ বলছেন]

এ হাদসিরে বাহ্যিকি ভাব থেকে বুঝা যাচ্ছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোটো শাবান মাস রোযা রাখতেন।

কিন্তু অন্য রোযায়তে এসছে যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ক'ছু অংশ ছাড়া গোটো শাবান মাস রোযা রাখতেন।

আবু সালামা (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: আমি আয়শো (রাঃ) কে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সিয়াম সম্পর্কে জিজ্ঞেসে করলাম; তিনি বলেন: তিনি এমনভাবে রোযা রাখতেন থাকতেন; আমরা বলতাম তিনি বুঝি রোযাতের কাটাবেন। আবার তিনি এভাবে রোযা বাদ দতিনে, ফলে আমরা বলতাম তিনি বুঝি আর রোযা রাখবেন না। আমি শাবান মাস ছাড়া অন্য কোন মাসে তাকে এত বেশি রোযা রাখতে দেখিনি। তিনি গোটো শাবান মাস রোযা রাখতেন। তিনি শাবান মাসেরে ক'ছু অংশ ছাড়া গোটো মাস রোযা রাখতেন।

আলমেগণ এই হাদসিদ্বয়ের মাঝে সমন্বয় করা নিয়ে মতভেদে করছেন:



কোন কোন আলমেদের মতে, এটি ভিন্ন ভিন্ন সময়ে ঘটছে। অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন বছর গোটো শাবান মাস রোযা রখেছেন। আর কোন কোন বছর অল্প কছুদিন ছাড়া গোটো মাস রোযা রখেছেন। এটি শাইখ বনি বায (রহঃ) এর অভিমত। [দখুন: মাজমুউ ফাতাওয়াস শাইখ বনি বায (১৫/৪১৬)]

অপর একদল আলমেদের মতে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযান ছাড়া আর কোন মাসে সম্পূর্ণ মাস রোযা রাখেননি। তারা উম্মে সালামা (রাঃ) এর হাদিসকে এভাবে ব্যাখ্যা করছেন যে, তিনি সামান্য কছু অংশ ছাড়া গোটো শাবান মাস রোযা রখেছেন। তারা বলেন: আরবী ভাষাতে এভাবে বলা জায়গে আছে। যদি কটে মাসের বেশির সময় রোযা থাকে সক্ষেত্রে বলা যায়: **صام الشهر كله** (সে গোটো মাস রোযা রখেছে।)

হাফযে ইবনে হাজার (রহঃ) বলেন: উম্মে সালামা (রাঃ) এর হাদিসের ভাষ্য: “নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বছরের কোন মাসেরে গোটো অংশ রোযা রাখতেন না; শুধু শাবান মাস ছাড়া। তিনি লাগাতরভাবে শাবান ও রমযান মাস রোযা রাখতেন।” এর ব্যাখ্যা রয়েছে আয়শো (রাঃ) এর হাদিসে। অর্থাৎ তিনি শাবানের অধিকাংশ সময় রোযা থাকতেন। ইমাম তরিমযি ইবনুল মুবারক থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন: যদি কটে মাসের অধিকাংশ সময় রোযা থাকে তার ক্ষেত্রে গোটো মাস রোযা থেকে বলা ভাষাগতভাবে বধৈ...”।

ত্বীবি বলেন: এ হাদিসের ব্যাখ্যা এভাবে করা হব যে, তিনি কোন কোন বার সম্পূর্ণ শাবান মাস রোযা রাখতেন। আবার কোন কোন বার মাসের অধিকাংশ দিন রোযা রাখতেন; যাতে করে কটে এটা না ভাবে যে, রমযানের মত এটাও ওয়াজবি।

অতঃপর ইবনে হাজার (রহঃ) বলেন: প্রথম ব্যাখ্যাটাই সঠিক। [সমাপ্ত]

অর্থাৎ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সম্পূর্ণ শাবান মাস রোযা রাখেননি। তিনি এর সপক্ষে দলিল দেন সহি মুসলমি (৭৪৬)-এ বর্ণিত আয়শো (রাঃ) এর হাদিস দিয়ে যে, তিনি বলেন: আমি এমন কছু জানি না যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম গোটো কুরআন এক রাত্রে পড়েন, কিংবা ফজর পর্যন্ত সারারাত নামায পড়েন, কিংবা রমযান ছাড়া অন্য কোন মাসে সারা মাস রোযা রখেছেন। তিনি আরও দলিল দেন বুখারী (১৯৭১) ও মুসলমি (১১৫৭) কর্তৃক সংকলিত ইবনে আব্বাস (রাঃ) এর হাদিস দিয়ে যে, তিনি বলেন: নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রমযান ছাড়া অন্য কোন মাসে গোটো মাস রোযা রাখেননি।

উম্মে সালামা (রাঃ) এর হাদিসের ব্যাখ্যায় সনিদি বলেন: **يَصِلُ شَعْبَانَ بِرَمَضَانَ** (রমযান ও শাবান মাস লাগাতর রোযা রাখতেন)। অর্থাৎ উভয়মাসের সম্পূর্ণ অংশ রোযা রাখতেন। হাদিসের বাহ্যিক ভাব হচ্ছে- তিনি গোটো শাবান মাস রোযা রাখতেন। কিন্তু, এমন কছু হাদিস বর্ণিত হয়েছে যে হাদিসগুলো এর বিপরীত বিষয় প্রমাণ করে। তাই এ হাদিসকে এভাবে ব্যাখ্যা করা হয়েছে যে, তিনি মাসের বেশিরভাগ সময় রোযা থাকতেন; যেন তিনি গোটো মাসেই রোযা থেকেছেন এবং রমযানের সাথে মিলিয়ে শাবান মাসও সিয়াম পালন করছেন। [সমাপ্ত]



যদি জিজ্ঞাসে করা হয়: শাবান মাসে বেশি বেশি রোযা রাখার গুট রহস্য কী?

জবাব হচ্ছে:

হাফযে ইবনে হাজার বলেন: এ ব্যাপারে সবচেয়ে উত্তম হচ্ছে উসামা বনি যায়দে (রাঃ) এর য়ে হাদিসটি; যা ইমাম নাসাঈ, আবু দাউদ (আবু দাউদ সহিহ বলছেন) ও ইবনে খুযাইমা সংকলন করছেন। তিনি বলেন: আমি বললাম: ইয়া রাসূলুল্লাহ! আপনি শাবান মাসে যত বেশি রোযা রাখেনে অন্য কোন মাসে আপনাকে এত রোযা রাখতে দেখিনি। তিনি বলেন: এটি রজব ও রমযানের মধ্যবর্তী এমন এক মাস য়ে মাস সম্পর্কে মানুষ গাফলে, য়ে মাসে আমলগুলো রাব্বুল আলামীনরে কাছে উত্তোলন করা হয়। তাই আমি পছন্দ করি আমি রোযা থাকা অবস্থায় য়ে আমার আমল উত্তোলন করা হয়। [আলবানী সহিহুন নাসাঈ গ্রন্থে (২২২১) হাদিসটিকে হাসান বলছেন]

আল্লাহই ভাল জানেন।